

Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা!

আমি DeKalb County School District-এর সুপারিনটেন্ডেন্ট Mrs. Cheryl Watson-Harris।

আমি আশা করছি নববর্ষ আপনাদের ভালো কেটেছে। আমাদের বাচ্চাদের পথ দেখানোর ক্ষেত্রে আপনাদের স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন, কঠোর পরিশ্রম, ধৈর্য এবং সাহসের জন্য ধন্যবাদ। আমাদের কর্মী, শিশু এবং তাদের পরিবারের স্বাস্থ্য এবং সুরক্ষা আমাদের কাছে সবথেকে গুরুত্বপূর্ণই থাকবে।

গত 11 জানুয়ারী, 2021 এর মিটিংয়ে আমি জানিয়েছিলাম যে শিক্ষার্থীদের জন্য স্কুল খোলা আমরা পিছিয়ে দিচ্ছি। আগের পরিকল্পনা অনুসারে 19 জানুয়ারী থেকে শিক্ষার্থীদের স্কুলে আসার কথা ছিল। কিন্তু তা বাতিল করা হয়েছে। স্কুল কর্মীরা স্কুল প্রস্তুতি বা কোভিড-19 এর বিস্তারের ঝুঁকি কমানোর জন্য CDC-এর নির্দেশিকা মেনে প্রশমন কৌশল বাস্তবায়নে জোর দেয়া অব্যাহত রাখবেন।

এখন আমরা নিয়ম মেনে চলা এবং নমনীয়তা ও ধৈর্যশীল হওয়ার দিকে গুরুত্ব দিচ্ছি।

শিক্ষার্থীদের স্কুল আসা পিছিয়ে দেয়া কঠিন সিদ্ধান্ত। আমি নিশ্চিত করছি যে স্কুল আবার খুলতে আমাদের যা করণীয় আমরা তাই করছি। যখন আমরা শিক্ষার্থী ও কর্মীদের জন্য নিরাপদে স্কুল খুলতে পারার বিষয়ে নিশ্চিত হব তখনই স্কুল খুলব। প্রশমন কৌশলগুলি নিরীক্ষণ করার জন্য আমাদের দক্ষতা ছাড়াও, পজিটিভ হার হল আরেকটি সূচক যা আমরা সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় বিবেচনা করি। CDC-এর নির্দেশনা অনুসারে, 10% বা বেশি পজিটিভিটি হার আমাদের সংক্রমণের সর্বোচ্চ ঝুঁকিতে ফেলে। সোমবার পর্যন্ত, DeKalb এর পজিটিভ হার 14.7%।

গত দুই সপ্তাহের স্কুল পরিদর্শনে, অনেক শিক্ষককে স্কুলে আসার জন্য উদগ্রীব দেখে আমি শিহরিত। তারা আমাদের শিক্ষার্থীদের প্রতি তাদের প্রতিশ্রুতিবদ্ধতা এবং স্কুলে ফিরে যাওয়ার বিষয়ে উচ্ছ্বাস প্রকাশ করছেন। DCSD-এর প্রতি তাদের প্রতিশ্রুতিবদ্ধতা দেখে তাদের প্রশংসা করার ভাষা আমার কাছে নেই। তাছাড়া, আমরা সেইসব শিক্ষক এবং স্কুল কর্মীদের সহায়তা করা অব্যাহত রেখেছি যারা কষ্ট লাঘবের জন্য আবেদন করেছে।

ভবিষ্যতে আমরা স্কুলে এসে ক্লাস করার জন্য প্রস্তুত হওয়ার সাথে সাথে, আমাদের অপারেশন টিম স্কুল প্রস্তুতির জন্য মূল পরিদর্শন চালিয়ে যাবে, যার মধ্যে মূল্যায়নও অন্তর্ভুক্ত:

- . ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE) ও স্বাস্থ্যবিধির সরঞ্জাম
- . পরিষ্কার ও পদ্ধতির সরঞ্জাম

- . শারীরিক দূরত্বে বসার ব্যবস্থা ও দূরত্ব বজায়
- . পানির ব্যবস্থা
- . প্লাস্টিং ও HVAC সিস্টেম
- . কোভিড-19 স্কুলের নিরাপত্তার চিহ্ন

আমরা নিশ্চিত করতে চাই যে আমাদের সমস্ত কর্মী এবং শিক্ষার্থীরা আমাদের স্কুলে নিরাপদে পড়তে পারবে। আবার CDC-এর পাঁচটি মূল প্রশমন কৌশল অনুসরণ করে কোভিড-19 এর ঝুঁকির স্তরকে আরও হ্রাস করা:

- . মাস্কের ধারাবাহিক ও সঠিক ব্যবহার
- . যতটা সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখা
- . হাত ধোয়া
- . পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা
- . DeKalb-এর স্বাস্থ্য পর্ষদের সঙ্গে মিলে কন্ট্যাক্ট ট্রেসিং

আপনার ধারাবাহিক সহযোগিতার জন্য ধন্যবাদ! আমরা কোভিড পরীক্ষার বিকল্পটি অন্বেষণ করা চালিয়ে যাব এবং যারা আগ্রহী তাদের জন্য টিকা দেওয়ার সুযোগগুলি সম্পর্কে নিজেদের শিক্ষিত করা অবিরত রাখব। দয়া করে 16 জানুয়ারী 6pm এ আমার সঙ্গে ভার্চুয়াল টাউন হলে যোগ দিন। আমাদের ওয়েবসাইটে আপনি সর্বদা সাম্প্রতিক তথ্য পাবেন: [www.dekalbschoolsga.org](http://www.dekalbschoolsga.org)।

এই ডাইনামিক কমিউনিটির অংশ হতে পেরে আমি গর্বিত। আমি বিশ্বাস করি যে আমরা আমাদের বাচ্চাদের জন্য সিদ্ধান্ত নেয়ার সঠিক ব্যক্তি। আমরা নমনীয়, ধৈর্যশীল এবং মমতাময়ী হয়ে সতর্কতার সাথে, কৌশলগতভাবে এবং স্বচ্ছতার সাথে এগিয়ে যাব বলে আমি প্রতিশ্রুতি দিলাম।